

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 03-02-2026

Time: 7.50 PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) কয়লা পাচার কাণ্ডের তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতা, দুর্গাপুর, আসানসোল সহ একাধিক জায়গায় তল্লাশি চালাচ্ছে।
- ২) রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিস্তারিত তালিকা আগামী সাত দিনের মধ্যে প্রকাশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।
- ৩) প্রথা মাফিক শোক প্রস্তাব গ্রহণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশন আজ শুরু হয়েছে।
- ৪) দক্ষিণ চবিশ পরগনার নাজিরাবাদে গোডাউনে অগ্নিকান্ডে জাতীয় মানবাধিকার কমশনের চার সদস্যের প্রতিনিধি দল আজ ঘটনাস্থল পরিদর্শন করে।
- ৫) পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর প্রতিবাদে বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় NIA-এর তদন্তের কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারা স্থানীয় সরকার।
- ৬) ৪৯ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলার আজ সমাপ্তি।

কয়লা পাচার কাণ্ডের তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতা, দুর্গাপুর, আসানসোল সহ একাধিক জায়গায় তল্লাশি চালাচ্ছে। বুদবুদ থানার ওসি মনোরঞ্জন

মন্ডলের দুর্গাপুরের সিটি সেন্টারের বাড়িতে ১২ ঘন্টা অভিযান চালান ইডি আধিকারিকরা। ২০২৪ সালে বারাবনী থানার ওসি থাকাকালীন কয়লা পাচারের অর্থ লেনদেনে জড়িত থাকার অভিযোগে মনোরঞ্জনকে সাসপেন্ড করা হয়েছিল।

এদিকে, পশ্চিম বর্ধমানের জামুরিয়ায় ব্যবসায়ী রাজেশ বনসালের বাড়িতে এখনও তল্লাশি চলছে। ইতোমধ্যেই উদ্বার হয়েছে কয়েক লক্ষ টাকা।

দুর্গাপুরে প্রবীর দত্ত নামে এক কয়লা ও বালি ব্যবসায়ীর বাড়িতেও তল্লাশি চালায় ইডি। পান্তবেশ্বর, অন্ডাল, পানাগড় সহ বেশ কয়েকটি জায়গায় চলে অভিযান।

কলকাতার বড়বাজারে কয়েকজন ব্যবসায়ীয়ের বাড়ি ও দেোকানেও চলে তল্লাশি।

রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সব প্রার্থীর প্রাপ্ত নম্বর এবং নির্দিষ্ট সংরক্ষিত শ্রেণি উল্লেখ করে আগামী সাত দিনের মধ্যে বিস্তারিত তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রার্থীদের তালিকা প্রকাশ করা হলেও, বিস্তারিত তথ্য না দেওয়ার অভিযোগে একাধিক মামলা দায়েরের প্রেক্ষিতেই আজ এই নির্দেশ দেন বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঢ়।

আদালত সুত্রের খবর, ২০২৪ সালে রাজ্য সরকার পুলিশের কনস্টেবল নিয়োগের বিজ্ঞপ্তি জারি করে। গতবছর লিখিত পরীক্ষার পর ৬০ হাজার ১৭৮ জনের তালিকা প্রকাশ করা হয় শারীরিক পরীক্ষার জন্য। তালিকায় স্বচ্ছতা না থাকার কারণে হাইকোর্টের দ্বারস্থ হন একাধিক পরীক্ষার্থী।

প্রথা মাফিক শোক প্রস্তাব গ্রহণের মধ্যে দিয়ে রাজ্য বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশন আজ শুরু হয়েছে। এটিই সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন। শুরুতেই রাজনীতি, শিল্প, সংস্কৃতি, বিনোদন জগতের সব্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশ্যে শোক প্রস্তাব পাঠ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। বারামতিতে বিমান দুর্ঘটনায় নিহত মহারাষ্ট্রের উপ মুখ্যমন্ত্রী, এনসিপি নেতা অজিত পাওয়ার, বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া, চলচ্চিত্র নক্ষত্র ধর্মেন্দ্র, রবীন্দ্র সঙ্গীত শিল্পী অর্ধ্য সেন, বর্তমান রাজ্য বিধানসভার সদস্য জুলফিকার ইসলাম সহ প্রয়াত বিশিষ্ট জনেদের উদ্দেশ্যে শোক জ্ঞাপন করা হয়। এর পরে অধ্যক্ষ দিনের মত অধিবেশন মুলতুবি ঘোষণা করেন।

বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটায় রাজ্যপালের অভিভাষনের মধ্যে দিয়ে ফের অধিবেশনের সূচনা হবে। ওই দিন দ্বিতীয়ার্ধে রাজ্যের অন্তর্বর্তী বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য। এবারের অধিবেশন চলবে আগামী সোমবার পর্যন্ত।

দক্ষিণ চবিশ পরগনার নরেন্দ্রপুরের নাজিরাবাদে গোডাউনে অগ্নিকান্ডে জাতীয় মানবাধিকার কমিশনের চার সদস্যের প্রতিনিধি দল আজ ঘটনাস্থল পরিদর্শন করেন। অগ্নিদগ্ধ ২টি গোডাউন ঘুরে দেখেন তাঁরা। কথা বলেন স্থানীয়দের সঙ্গে। দিল্লী ফিরে প্রতিনিধি দলের কেন্দ্রের কাছে বিস্তারিত রিপোর্ট কাছে জমা দেওয়ার কথা।

উল্লেখ্য, এখনও পর্যন্ত ঘটনাস্থল থেকে ২৭ জনের দেহাংশ উদ্ধার হয়েছে। দেহাংশের নমুনা ডিএনএ পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় "২০২৬-২৭ অর্থবর্ষের বাজেট প্রস্তাব এবং প্রতিক্রিয়া"। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন কেন্দ্রীয় বাজেট পেশ করার পর সমাজের ভিন্ন স্তরের মানুষের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধিত্বে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ (০৩/০২/২৬) রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

Pro Active Governance and Timely Implementation প্রগতি-র পরিমন্ত্রে পশ্চিমবঙ্গ সহ দেশ জুড়ে রেলের পরিকাঠামো উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশনের ডিআরএম শ্রী রাজীব সাঙ্গেনা আকাশবাণীকে বলেন শিয়ালদহ ডিভিশনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ চলছে। এর মধ্যে রয়েছে কল্যাণী-রানাঘাট ও কৃষ্ণনগর-রানাঘাট শাখার তৃতীয় লাইন এবং রানাঘাট-বনগাঁ শাখার দ্বিতীয় লাইনের অনুমোদন। এছাড়াও ইয়ার্ড রিমডেলিং এবং অটো সিগন্যালিংয়ের কাজও জোর কদমে এগিয়ে চলছে।

তিনি বলেন, অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে শিয়ালদহ ডিভিশনের ১৮ টি স্টেশনকে আধুনিকীকরণের জন্য বেছে নেওয়া হয়েছে। এই প্রকল্পের আওতায় স্টেশনে আধুনিক যাত্রী স্বাচ্ছন্দ্য, ফুট ওভার ব্রিজ, পার্কিং এবং উন্নত ট্যুলেট কমপ্লেক্স তৈরি করা হচ্ছে। পূর্ব ভারতের মধ্যে প্রথম এসি লোকাল ট্রেন এর সূচনা শিয়ালদহ ডিভিশনে করা হয়। পাশাপাশি হাওড়া-গুয়াহাটি রুটে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেন এবং শিয়ালদহ-বারাণসী অমৃত ভারত এক্সপ্রেসের সূচনার কথাও উল্লেখ করেন তিনি।

বাইট ডিআরএম

ঝাড়খণ্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুর প্রতিবাদে বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় NIA-এর তদন্তের কলকাতা হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। এই ঘটনায় এনআইএ তদন্তের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তুলেছে রাজ্য। গত বিশে জানুয়ারি হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথী সেনের ডিভিশন বেঞ্চে এ সংক্রান্ত মামলার শুনানিতে জানান, কেন্দ্রীয় সরকার প্রয়োজন মনে করলে এনআইএ-কে দিয়ে তদন্ত করাতে পারে। এরপরই গত শনিবার জাতীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা তদন্তভার হাতে নেওয়ার পর ঘটনাস্থলে ঘান।

এদিকে, এন আই এ'র আধিকারিকদের ৬ সদস্যের দল আজও হিংসার ঘটনার তদন্তে বেলডাঙ্গার বড়ুয়ামোড়ে পৌঁছে স্থানীয়দের সঙ্গে কথা বলেন। বেশ কিছু দোকানের সি সি টি ভি ফুটেজ সংগ্রহ করেন তারা।

উল্লেখ্য, ঝাড়খন্ডে ভাড়া বাড়িতে মুর্শিদাবাদের ঐ পরিযায়ী শ্রমিকের বুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চলতি মাসের ১৬ ও ১৭ তারিখ পরপর দু'দিন বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে বেলডাঙ্গা। প্রথমদিন প্রায় সাত ঘন্টা জাতীয় সড়ক অবরুদ্ধ করে রাখা হয়। বিক্ষোভের খবর করতে গিয়ে আহত হতে হয় কর্তব্যরত সাংবাদিকদের। মহিলা সাংবাদিক'ও বিক্ষোভকারীদের হাতে আক্রান্ত হন। ভাঙ্গুর করা হয় সরকারি সম্পত্তি।

দক্ষিণ কলকাতার ঢাকুরিয়ার গোলপার্কের কাঁকুলিয়া রোডে গোষ্ঠীর সংঘর্ষের ঘটনায় পুলিশ আরও দুজনকে গ্রেপ্তার করেছে। সোনা পাঞ্চুর ঘনিষ্ঠ ধৃত বাবু সোনা দাস এবং শুভঙ্কর রায় ঘটনার পর থেকেই পলাতক ছিল। এদের আগামীকাল আদালতে তোলা হবে। এই নিয়ে এই ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে হল ১৬। এর আগে গতরাতে চারজনকে গ্রেপ্তার করেছিল পুলিশ। তাদের আজ আলিপুর আদালতে তোলা হলে ১০ তারিখ পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। ঘটনার পরই পাকড়াও হয় ১০ জন।

উল্লেখ্য, এলাকা দখলকে কেন্দ্র করে গত রবিবার পঞ্চানন তলায় দুই গোষ্ঠীর সংঘর্ষ বাধে। বোমাবাজির পাশাপাশি গুলি চলে বলেও অভিযোগ। ভাঙচুর করা হয় পুলিশের গাড়ি। ছোড়া হয় ইট। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, শাসকদলের ঘনিষ্ঠ সোনা পাঞ্চু নামে একজন দুষ্কৃতীর লোকজন এলাকা দখলের জন্য হামলা চালায়।

এদিকে, গোলপার্কের এই ঘটনায় রাজ্যের আইন-শৃঙ্খলার কক্ষালসার চেহারা ফের সকলের সামনে চলে এসেছে বলে বিজেপির মুখ্যপাত্র অমিত মালব্য মন্তব্য করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে, এত বিপুল পরিমাণ বোমা ওই এলাকায় কী করে পৌঁছল এবং পুলিশ কেন সময়মতো পদক্ষেপ করলো না, সেই প্রশ্ন তোলেন তিনি।

এস আই আর প্রক্রিয়ায় রাজ্যের মানুষ অসুবিধার সম্মুখীন হচ্ছেন এই অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস নেতৃী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্বাচন কমিশনের বিরুদ্ধে ফের তীব্র ক্ষেত্র প্রকাশ করেছেন। নতুন দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এসআইআর নিয়ে নির্বাচন কমিশনের কাজকর্মে মানুষ বুঝতে পারছেন না, তাঁরা কোথায় অভিযোগ জানাবেন। একাধিকবার নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ করে চিঠি দিয়েও তিনি কোনো উত্তর পাননি বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ।।

সুপ্রিমকোর্টে নির্বাচন কমিশনের বিরুদ্ধে তাঁর দায়ের করা মামলায় আগামীকাল মুখ্যমন্ত্রী
নিজেই সওয়াল করতে পারেন বলে দলীয় সূত্রে খবর।

উত্তর দিনাজপুরে রায়গঞ্জ ব্লকের প্রাক্তন বি ডি ও শ্যারন কামালের বিরুদ্ধে
বিপুল পরিমাণ আর্থিক দুর্নীতির অভিযোগ তুলে রায়গঞ্জ সি জে এম আদালতের দ্বারা স্থির
হয়েছেন রায়গঞ্জ পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা মলয় সরকার।

তাঁর দাবী ২০২৪-২৫ ও ২০২৫ -২৬ অর্থবর্ষে পঞ্চায়েত অর্থ কমিশনে বরাদ্দ করা ১
কোটি ৬৭ লক্ষ টাকা তচ্ছূল করেছে প্রাক্তন বিডিও। বিষয়টি পঞ্চায়েত সমিতির
অন্যান্য সদস্য এবং বর্তমান রায়গঞ্জ ব্লকের বিডিও এবং জেলা পুলিশ প্রশাসনকে
জানান হলেও উপযুক্ত পদক্ষেপ নেওয়া হয় নি।

এদিকে রায়গঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি জয়শ্রী ব্যাপারী বর্মন এই বিষয়ে
ওয়াকিবহাল নয় বলে জানান।

ই গ্রাম স্বরাজ পোর্টালে থাকা নথি পত্র খতিয়ে দেখার পর এই বিষয়টি নজরে
আসে বলে খবর।

বাংলার মানুষকে অপশাসনের হাত থেকে মুক্তি এবং মহিলাদের সুরক্ষা প্রদানই
বিজেপির মূল লক্ষ্য বলে বিজেপির এরাজ্যের পর্যবেক্ষক বিপ্লব দেব জানিয়েছেন। তিনি
আজ রাজ্য বিধানসভায় এসে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ পরিষদীয় দলের
সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান, বাংলার

মানুষ মুক্তি পেতে চায়। বিরোধী দলনেতার নেতৃত্বে দলের বিধায়করা সেই লক্ষ্যেই কাজ করে চলেছেন।

(বাইট-বিপ্লব দেব)

৪৯ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলার আজ সমাপ্তি। বিকেলে মেলার আয়োজক পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের পক্ষ থেকে মেলার থিম কান্ট্রি আর্জেন্টিনা, প্রথম অংশগ্রহণকারী দেশ ইউক্রেন ও দীর্ঘদিন পর যোগদানকারী চীন সহ বিদেশি প্রতিনিধিদের সম্মানিত করা হয়। এছাড়াও আঞ্চলিক বিভাগে সেরা স্টলের পুরস্কার পায় কলকাতা মিউনিসিপাল কর্পোরেশন। ইংরেজি বিভাগে বড় ও ছোট প্রকাশনা হিসেবে সেরা স্টলের সম্মান পেয়েছে অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস এবং দ্য হিন্দু। প্রাপকদের হাতে সম্মাননা তুলে দিয়ে সংগঠনের সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় বলেন, আগামী এক বছরের মধ্যেই প্রস্তাবিত বইতীর্থ তৈরীর রূপরেখা সম্পূর্ণ করা হবে, যেখানে চর্যাপদ থেকে শুরু করে বর্তমান সময়ের সাহিত্য পর্যন্ত সম্ভার রাখা থাকবে।

বাইট ত্রিদীব চট্টোপাধ্যায়

গতবারের বিজয়ী বাংলাকে হারিয়ে সার্ভিসেস জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির সেমিফাইনালে উঠেছে অসমের ডিক্রুগড় এর ঢাকুয়াখানা স্টেডিয়ামে আজ কোয়ার্টার ফাইনালে সার্ভিসেস টাইব্রেকারে ৩-২ গোলে বাংলা কে পরাজিত করেছে। নির্ধারিত ও অতিরিক্ত সময়ে খেলা গোল শূন্য ছিল।

কেরালা, রেলওয়ে, পাঞ্জাব সন্তোষ ট্রফির সেমি ফাইনালে পৌঁছেছে। অন্য কোয়ার্টার ফাইনালে কেরালা ৩-০ গোলে অসমকে, রেলওয়ে ২-০ গোলে রাজস্থানকে হারিয়ে দিয়েছে। পাঞ্জাব টাইব্রেকারে ৪-১ গোলে তামিলনাড়ুকে পরাজিত করেছে।

দুটি সেমিফাইনাল হবে বৃস্পতিবার। ফাইনাল রবিবার।
